ফাতওয়া নাম্বার:২৬০ প্রকাশকালঃ১২-০৭-২০২১ ইং

সুদের টাকার ওপর কি যাকাত ও কুরবানী ওয়াজিব হয়?

প্রশ্নঃ

কেউ যদি সুদের টাকা দিয়ে সম্পদশালী হয়, তাহলে তার এ সম্পদের ওপর কি যাকাত আসবে? এবং তাকে কি কুরবানী ও সাদাকাতুল ফিতর দিতে হবে?

উত্তরঃ

بسم الله الرحمن الرحيم

الحمد لله وكفى وسلام على عباده الذين اصطفى أمابعد

হারাম মালের উপর যাকাত, কুরবানী ও সাদাকাতুল ফিতর ওয়াজিব হয় না। কারণ উপার্জনকারী এসব সম্পদের মালিক হয় না। তার দায়িত্ব, এই সম্পদের মালিক জানা থাকলে তা মালিকের কাছে ফিরিয়ে দেওয়া। মালিক জানা না থাকলে, সাওয়াবের নিয়ত ছাড়া,হারামের দায় থেকে মুক্ত হওয়ার জন্য মালিকের পক্ষ থেকে ফকির-মিসকিনদের দান করে দেয়া কিংবা জনকল্যাণমূলক কাজে ব্যয় করা।

সুতরাং কারো নিকট সুদের টাকা ছাড়া অন্য কোনো হালাল সম্পদ না থাকলে তার ওপর যাকাত, কুরবানী ও সাদাকাতুল ফিতর ওয়াজিব হবে না। হ্যাঁ, যদি হালাল সম্পদ থাকে এবং তা নেসাব পরিমাণ হয়, তাহলে শুধু হালাল সম্পদে যাকাত, কুরবানী ও সাদাকাতুল ফিতরের বিধান আরোপিত হবে। -ফাতাওয়া তাতারখানিয়া: ৩/২৩৩, রদ্দুল মুহতার: ২/২৯১

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৮-১১-১৪৪৩ হি.

২৯-০৬-২০২২ ঈ.